কালের কণ্ঠ

তারিখ ... 27 MAR 2018 ...
পৃষ্ঠা ...2... কলাম 2 ...

শাবিপ্রবিতে হামলা

# দুই নেতাকে বহিষ্কার কেন্দ্রীয় ছাত্রলীগের

শাবিপ্রবি প্রতিনিধি ▷

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসানের ওপর হামলার ঘটনায় দুই ছাত্রলীগ নেতাকে বহিষ্কার করেছে কেন্দ্রীয় ছাত্রলীগ। গতকাল সোমবার বিকেলে সংগঠনের সভাপতি সাইফুর সোহাগ ও সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন তাঁদের বহিষ্কার করেন।

বহিষ্কৃতরা হলেন শাখা ছাত্রলীগের গণশিক্ষাবিষয়ক সম্পাদক আব্দুর রশিদ খান রাসেল ও মানবসম্পদ উন্নয়ন সম্পাদক আজ্রমল হোসাইন।

বিষয়টি নিশ্চিত করে কেন্দ্রীয় ছাত্রলীগের প্রচার সম্পাদক ও শাবিপ্রবি ছাত্রলীগের দায়িত্বপ্রাপ্ত নেতা সাইফ উদ্দিন বাবু বলেন, 'দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে তাদের বহিষ্কার করা হয়েছে। কোনো শৃঙ্খলাভঙ্গকারীর স্থান ছাত্রলীগে নেই। মূলত জাহিদ হাসানের ওপর হামলার কারণে তাদের বহিষ্কার করা হয়েছে।'